ঝিনাইদহে ডাকাত সর্দারসহ ৬ জন গ্রেফতার

ঝিনাইদহ সদর উপজেলার বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে আন্তঃজেলা ডাকাত সর্দারসহ ৬ ডাকাতকে গ্রেফতার করেছে পুলিশ। এ সময় তাদের স্বীকারোক্তি মোতাবেক লুন্ঠিত মালামাল উদ্ধার করা হয়েছে।

আটককৃত ডাকাতরা হচ্ছে জেলার কোটচাঁদপুর উপজেলার রুদ্রপুর গ্রামের ফেলু মন্ডলের জামাতা সজিব (৩০), হরিনাকুণ্ডু উপজেলার পদ্মনগর গ্রামের আরিফুল ইসলামের ছেলে বাবুল হোসেন (২৩), সদর উপজেলার দক্ষিণ রামনগর গ্রামের আতিয়ার বিশ্বাসের ছেলে লিটন (৩৮), সদর উপজেলার বেড়াশুলা গ্রামের সায়েম মন্ডলের ছেলে তরিকুল ইসলাম (৩০), চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার বেলগাছি গ্রামের মৃত রমজান মালিথার ছেলে তোরাপ (৫২) এবং সদর উপজেলার মহামায়া গ্রামের আজিবার রহমানের ছেলে ডাকাত সর্দ্দার কোরবান আলী (৪০)।

ঝিনাইদহ সদর থানার ওসি মিজানুর রহমান জানান, তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে গত রোববার থেকে মঙ্গলবার পর্যন্ত অভিযান চালিয়ে সর্দ্দারসহ ৬ ডাকাতকে গ্রেফতার করা হয়।

পুলিশ জানায়, ঝিনাইদহ সদর উপজেলার মধুহাটি ইউনিয়নের দক্ষিণ রামনগর গ্রামে গত ৪ ডিসেম্বর রাতে প্রবাসী সাইদ হোসেনের বাড়িতে ডাকাতি হয়। ডাকাতদল বাড়ির সদস্যদের অস্ত্রেও মুখে জিম্মি করে ৭ টি মোবাইল ফোন, স্বর্ণের তৈরি হাতের বালা, গলার চেইন, কানের দুল, আংটিসহ নগদ কিছু টাকা লুন্ঠন করে। এ ঘটনায় পরদিন ৫ ডিসেম্বর সাইদ হোসেনের স্ত্রী শাম্মী আক্তার বাদি হয়ে সদর থানায় অজ্ঞাতনামা ব্যক্তিদের আসামি করে একটি মামলা করেন।

একপর্যায়ে তথ্যপ্রযুক্তি ব্যবহারের মাধ্যমে ডাকাতদের সনাক্ত করতে সক্ষম হয় পুলিশ। প্রথমেই ডাকাত সর্দ্দার কোরবান আলীকে পুলিশ আটক করে। তার স্বীকারোক্তি মোতাবেক পর্যায়ক্রমে ৬ ডাকাতকে আটক করতে সক্ষম হয় তারা। পরে তাদের দেওয়া তথ্য অনুযায়ী লুন্ঠিত হওয়া সকল মালামাল উদ্ধার করা হয়। গ্রেফতারকৃতদের বিরুদ্ধে ঝিনাইদহ সদর থানাসহ বিভিন্ন থানায় ডাকাতিসহ ৬টি মামলা রয়েছে।

ডাকাত সর্দ্দার কোরবান আলী ৮ বছরের সাজাপ্রাপ্ত আসামি হিসেবে ফেরারি ছিল।

পুলিশের সূত্রগুলো জানায়, এ সব ডাকাত সদস্যরা বিভিন্ন এলাকায় রাজমিস্ত্রীর ছদ্মবেশে মানুষের বাড়িতে কাজ করতে গিয়ে খোজ-খবর নিয়ে রাতেরবেলা ডাকাতি করতো।

সংসার জোড়া লাগল পারভিনার

দামুড়হুদা উপজেলার নতিপোতা ইউনিয়নের হেমায়তপুর গ্রামের মোঃ মফিজুর রহমানের মেয়ে মোছাঃ পারভিনা খাতুন এবং চিৎলা ইউনিয়নের মোঃ বজলুর রহমান খোকনের ছেলে মোঃ সোহেল রানার সাথে ইসলামী সুন্নাহ অনুযায়ী গত তিন বৎসর আগে সামাজিক ভাবে বিবাহ হয়।

বিবাহিত জীবনে তাদের কোল আলো করে আসে ফুটফুটে একটা কন্যা সন্তান। কিন্তু উভয় পক্ষের মধ্যে ভুল বোঝাবুঝি ও জেদের কারণে প্রায় ভেঙেই যাচ্ছিল তাদেরি পাতানো সোনার সংসার।

এমতাবস্থায় স্থানীয় লোকজনের মাধ্যমে মানবাধিকার প্রতিষ্ঠান মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর কথা জানতে পারে মোছাঃ পারভিনা খাতুনের পরিবারের লোকজন। মোছাঃ পারভিনা খাতুন ও তার পরিবারের লোকজন মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এ অভিযোগ দায়ের করে।

যার প্রেক্ষিতে মউক তাঁদের আইনী সহায়তার সেল (সোহার্দ্য) ইউনিট থেকে পারভিনা ও সোহেলের পরিবারকে বিভিন্ন ভাবে সহায়তা করে।

এক পর্যায়ে বোঝাতে সক্ষম হলে গত কাল পক্ষদ্বয়কে নিয়ে সালিশ বৈঠকের মাধ্যমে বিভিন্ন শর্ত সাপেক্ষে স্থানীয় প্রতিনিধিদের উপস্থিতিতে পারভিনা ও সোহেল কে সংসারে ফিরিয়ে দিতে সক্ষম হয়। সালিশ পরিচালনা করেন মউকের প্রোগ্রাম ম্যানেজার মোছাঃ কাজল রেখা।

মউক সংস্থা মূলত এ ধরণের পারিবারিক কলহ, নারী নির্যাতন ঘটনার সমাধানসহ ভুক্তভোগী পক্ষকে সার্বিক সহযোগিতা করে থাকে।

কুষ্টিয়ার বীজ বাদাম চাষে কৃষকদের মুখে হাসি

কুষ্টিয়ার দৌলতপুরে বীজ বাদাম চাষে কৃষকদের মুখে হাসি ও ব্যাপক সাফল্য পেয়েছেন কৃষকরা। ইতিমধ্যে অর্থকরী সোনালী ফসল এ বীজ বাদাম ক্ষেত থেকে উত্তোলন করে চাষীদের অনেকে ঘরে তুলেছেন আবার কেউ বীজ বাদাম রৌদ্রে শুকাতে ব্যস্ত রয়েছেন।

খরচের পাঁচগুন লাভ হওয়ায় বীজ বাদাম চাষ করে চাষীদের একদিকে যেমন সংসারের স্বচ্ছলতা ফিরেছে, অপরদিকে তারা হচ্ছেন আর্থিকভাবে স্বাবলম্বী।

দৌলতপুরসহ জেলায় আগামী মৌসুমে বাদাম চাষের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৯৪০ হেক্টর জমিতে। এরমধ্যে দৌলতপুরের লক্ষ্যমাত্রা রয়েছে ৭৫৫ হেক্টর জমি। আর বাদাম চাষের লক্ষ্য অর্জনে বর্তমান মৌসুমে বীজ বাদাম চাষ করা হয়েছে ৪৩৮ হেক্টর জমিতে।

অতিবৃষ্টি ও প্রতিকুল আবহাওয়ার কারনে বীজ বাদামের ফলন কিছুটা কম হলেও দাম বেশী হওয়ায় তা পুসিয়ে নিচ্ছেন চাষীরা। বিঘা প্রতি বীজ বাদাম চাষে চাষীদের খরচ হয়েছে চার থেকে পাঁচ হাজার টাকা। বিঘা প্রতি নূন্যতম পাঁচ মন হারে ফলন হওয়ায় বীজ বাদামের বর্তমান বাজার পাঁচ হাজার টাকা মন হিসেবে খরচের পাঁচগুন লাভের মুখ দেখছেন চাষীরা। এতে তারা চরম খুশি।

দৌলতপুরের ময়রামপুর গ্রামের বীজ বাদাম চাষী সামেদুল ইসলাম ও খুরশিদ আলম জানান, তারা চলতি মৌসুমে বীজ বাদাম চাষ করে ব্যাপক সাফল্য পেয়েছেন। বিঘাপ্রতি মাত্র চার হাজার টাকা খরচ করে তারা খরচের পাঁচগুন আয় করেছেন। এদিকে ক্ষেতের বাদাম উত্তোলন করে বীজ ঝরিয়ে বাদামের গাছ গৃহপালিত পশুর খাদ্য হিসেবেও ব্যবহার হয়ে থাকে। এতেকরে বাদাম চাষীদের বীজ ঝরানোর খরচও সাশ্রয় হয় আবার গবাদি পশুর খাদ্য চাহিদাও পুরণ হয়ে থাকে।

বীজ বাদাম চাষে সরকারী প্রনোদনা ও পরামর্শ দিয়ে চাষীদের সার্বিক সহযোগিতার কথা জানিয়েছেন দৌলতপুর কৃষি সম্প্রসারণ কর্মকর্তা

মো. নূরুল ইসলাম। বছরের আর্থিক চাহিদা পুরণে চাষীদের স্বপ্লকালীন সময়ের জন্য বীজ বাদাম চাষ হতে পারে অর্থ নির্ভরতার অন্যতম সহায়ক। সেক্ষেত্রে বীজ বাদাম চাষে চাষীদের উদ্বুদ্ধ করতে কৃষি বিভাগকে এগিয়ে আসার আহ্বান সংশ্লিষ্টদের।

বঙ্গবন্ধুর ভাস্কর্য ভাংচুরের প্রতিবাদে কুষ্টিয়ায় মানববন্ধন

“জাতির পিতার সম্মন রাখবো মোরা অম্লান”- এই শ্লোগানকে সামনে রেখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ভাস্কর্য ভাংচুর ও অবমূল্যায়নের প্রতিবাদে মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ করেছে বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)র কুষ্টিয়া জেলায় কর্মকর কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

বঙ্গবন্ধু পরিষদ এর আয়োজনে মঙ্গলবার সকাল সাড়ে এগারোটায় শহরের শাপলা চত্বর বঙ্গবন্ধুর ভাস্কর্যের সামনে এ মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ করে বিএডিসি’র কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।

বঙ্গবন্ধু পরিষদের সভাপতি ও বিএডিসি কুষ্টিয়ার যুগ্মপরিচালক (সার) কৃষিবিদ মোঃ সেলিম হায়দাদের সভাপতিত্বে মানববন্ধন চলাকালে বক্তব্য রাখেন বিএডিসি কুষ্টিয়ার (সার) উপসহকারী পরিচালক মুহাম্মদ মাহবুব আলম, উপ-পরিচালক (বীজ) আবু জাফর মোঃ নেয়ামত উল্লাহ, বিএনডিসি (সেচ)’র নির্বাহী প্রকৌশলী মোঃ নুরুল ইসলাম প্রমুখ।

গাংনীতে কিশোরের ডাক এর

উদ্যোগে এতিমখানায় শীতবস্ত্র বিতরণ

স্বেচ্ছাসেবী সংগঠন কিশোরের ডাক এর উদ্দ্যোগে গাংনীর চৌগাছা দারুল ইয়াতিম এতিমখানার ছাত্রদের জন্য সংগঠনের পক্ষ থেকে এতিম শিশুদের জন্য শীতবস্ত্র বিতরণ করা হয়।

মঙ্গলবার সকালে এতিমখানা চত্বরে অনুষ্ঠিত বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এতিমখানার সুপার মোঃ রইচউদ্দীন।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা শিক্ষা অফিসার মোঃ আলাউদ্দীন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী প্রেসক্লাবের সভাপতি প্রভাষক রমজান আলী, প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহবুব আলম, বিশিষ্ট ব্যবসায়ী আব্দুল হান্নান, বিশিষ্ট ব্যবসায়ী ও ওয়ালটন এর স্বত্বাধিকারী মাহাবুবুল বারী সাজু, মোঃ সামসুজ্জাহা ও অত্র প্রতিষ্ঠানের শিক্ষক দেলোয়ার হোসেন সহ কিশোরের ডাক এর সদস্যবৃন্দ এসময় উপস্থিত ছিলেন।

আব্দুল্লাহ আল নোমান এর নেতৃত্বে সাধারন ছাত্রছাত্রীদের দ্বারা পরিচালিত একটি স্বেচ্ছাসেবী সংগঠন কিশোরের ডাক। এই সংগঠন বিভিন্ন সময় স্কুল, কলেজ ও মাদ্রসায় শিক্ষা উপকরণ, কোরআন শরীফ ও এবং শীতের সময় শীতবস্ত্র বিতরণ করে থাকে।

গাংনীর চৌগাছা পশ্চিমপাড়াস্থ এতিমখানায় ৪৪ জন ছাত্রছাত্রীর জন্য শীতবস্ত্র বিতরণ করা হয় এসময় বক্তারা কিশোরের ডাক এর সদস্যরা নিজেদের সামান্য অর্থ বাঁচিয়ে এতিম শিশুদের জন্য যে মহতী উদ্দোগ নিয়েছেন তার জন্য কিশোরের ডাক এর সকল সদস্য কে অভিনন্দন জানান। সমাজের যুব সমাজ ও ছাত্রছাত্রীদের জন্য এটা অনুকরনীয় হতে পারে বলে উল্লেখ করেন।

মেহেরপুরে মুক্তিযোদ্ধা বন্ধু মিলন ও আলোচনা সভা

মেহেরপুর সদরের মুক্তিযোদ্ধাদের নিয়ে বন্ধুমেলা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সকালে মেহেরপুর সদর উপজেলা আমদাহ ইউনিয়নের আশরাফপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শ্রেনি কক্ষে আমদাহ ইউনিয়ন সভাপতি বীর মুক্তিযোদ্ধা ফজলুল হক এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদরের সাবেক কমান্ডার আবুল কাসেম।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা আমদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আনারুল ইসলাম ও আশরাফপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক তাহাজউদ্দীন সহ শাহেবপুর ক্যাম্পের ভারপ্রাপ্ত কর্মকতানরুন নবী

এসময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, সাংগঠনিক সম্পাদক সিরাজুল ইসলাম, আমঝুপি ইউনিয়ন থেকে আসা বীর মুক্তিযোদ্ধা নাজিম উদ্দীন, ঝাউবাড়িয়া থেকে আসা আজিজুল হক,ও বুড়িপোতা ইউনিয়ন কমান্ড বজলুর রহমান সহ বিভিন্ন ইউনিয়নের ৫০ জন মুক্তিযোদ্ধা ও কমান্ডারা উপস্থিত ছিলেন।

দর্শনায় নৌকা প্রতিক পেলেন মতিয়ার রহমান

চুয়াডাঙ্গা জেলার দর্শনায় পৌর নির্বাচনে দলীয় মনোনয়ন পেয়ে দলীয় প্রতিক নৌকার কান্ডারী হয়ে দর্শনাতে ফিরে বিশাল গাড়ি বহর এবং ফুলেল শুভেচ্ছায় মনোমুগ্ধ হলেন, দর্শনা পৌর আওয়ামীলীগের সভপাতি ও তিন বারের নির্বাচিত মেয়র মতিয়ার রহমান।

আসন্ন দর্শনা পৌরসভা নির্বাচনে মেয়র পদে আওয়ামী লীগের দলীয় নৌকা প্রতীক পেয়ে পৌর আওয়ামীলীগের সভাপতি মতিয়ার রহমান গতকাল

সোমবার বেলা সাড়ে ১২ টার দিকে ঢাকা থেকে দর্শনায় নিজ নির্বাচনী এলাকায় পৌঁছে দলীয় ও সাধারণ মানুষের প্রাণ ঢালা ভালোবাসা পেয়ে তিনি বলেন, আমি আমার প্রাণের সংগঠন বাংলাদেশ আওয়ামীলীগ থেকে দলীয় ভাবে মনোনীত হয়ে নৌকার কান্ডারী হতে পেরে সর্বপ্রথম আমার সৃষ্টিকর্তা মহান আল্লাহ তায়ালার প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করছি এবং তার পরেই হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি, বাঙালি জাতির জনক সোনার বাংলার স্বপ্ন দ্রষ্টা শেখ মুজিবুর রহমানের সুযোগ্য কন্যা দেশ রত্ন বাংলাদেশ আওয়ামীলীগ এর সভানেত্রী মাননীয় প্রধান মন্ত্রী শেখ হাসিনাকে এবং মনোনয়ন বোর্ডের সকলকে কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। আমি আরও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি,

বাংলাদেশ আওয়ামীলীগ চুয়াডাঙ্গা জেলা শাখার শ্রদ্ধেয় সভাপতি ও চুয়াডাঙ্গা-১ আসনের মাননীয় সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন (এমপি), সহ-সভাপতি ও চুয়াডাঙ্গা-২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী আলী আজগার টগর (এমপি), দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও চুয়াডাঙ্গা জেলা পরিষদের সাবেক প্রশাসক মাহফুজুর রহমান মনজু সহ দলের সকল পর্যায়ের নেতাকর্মী ও আমার প্রাণ প্রিয় দর্শনা পৌরবাসীকে।

তিনি আরও বলেন, আমি জানি দর্শনা বাসী আমাকে কতটা ভালোবাসে যার ফল আমার বার বার জয়লাভ এবং এইবারে তাদেরই দোয়াতে এবং অশেষ রহমতে আমি গতবারের মতো এবারও দল থেকে মনোনীত হয়ে আবারও নৌকার কান্ডারী হয়ে আপনাদের মাঝে এসেছি। আর আমার স্বপ্ন দর্শনা পৌরসভার যেভাবে উন্নয়ন কাজ অব্যাহত রেখেছি আপনাদের দোয়ায় পুনরায় নির্বাচিত হলে দর্শনা বাসীকে আরও বেশি উন্নয়ন করে দেখাতে চাই। আর যতোদিন বেঁচে আছি আমি আপনাদের সন্তান হয়ে আপনাদের সেবক হয়ে বেঁচে থাকতে চাই।

মুজিবনগরে আইনশৃৃঙ্খলা ও

চোরাচালান প্রতিরোধ কমিটির সভা

মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়ন পরিষদে মাসিক আইন শৃঙ্খলা ও চোরাচালান প্রতিরোধ কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার বেলা এগারোটার দিকে পরিষদ হলরুমে এ সভা অনুষ্ঠিত হয়।

বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ূব হোসেনের সভাপতিত্বে উক্ত সভায় উপস্থিত ছিলেন মুজিবনগর বিজিবি ক্যাম্পের কোম্পানি কমান্ডার আমজাদ হোসেন,আনন্দবাস বিজিবি ক্যাম্প কমান্ডার সানির,নাজিরাকোনা বিজিবি ক্যাম্প কমান্ডার তৌহিদ,রতনপুর আইসি পুলিশ ক্যাম্পের এএসআই রাশেদুল ইসলামসহ বাগোয়ান ইউনিয়ন পরিষদের সকল ইউপি সদস্যগন উপস্থিত ছিলেন।

এ সময় বাগোয়ান ইউনিয়েনের আইনশৃঙ্খলা বিষয়ক ও চোরাচালান প্রতিরোধে বিভিন্ন বিষয় তুলে ধরে আলোচনা করা হয়।

মুজিবনগরে ফেনসিডিল সহ মাদক ব্যবসায়ী আটক

টেইলার্স এর পাশাপাশি কৌশলে মাদক ব্যাবসা করতে গিয়ে শেষ প্রযন্ত পুলিশের হাতে ধরা খেলো কেদারগন্জ বাজারে অবস্থিত কুষ্টিয়া টেইলাসের মালিক আয়ূব হোসেন(৪০)।

মঙ্গলবার সকাল সাড়ে দশটার দিকে অভিনব কায়দায় মটরবাইকে করে ফেনসিডিল নিয়ে আসার সময় কেদারগন্জ বাজার জামে মসজিদের সামনে তাকে আটক করা হয়।
সাথে থাকা কাগজ বিহিন ডাইয়ান ৮০ সিসি মটর বাইক জব্দ করা হয়েছে।

আটককৃত আয়ূব হোসেন উপজেলার আনন্দবাস গ্রামের নিয়াকত আলীর ছেলে।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আব্দুল হাশেম জানান,দির্ঘদিন ধরে সে টেইলার্স ব্যাবসার আড়ালে মাদকের ব্যাবসা করে আসছে।

মঙ্গলবার সকালে একই ভাবে অভিনব কায়দায় মটরবাইক করে ফেনসিডিল নিয়ে আসছিলো এমন গোপন সংবাদের ভিত্তিতে কেদারগন্জ বাজারো এসআই মোমিনুর রহমানের নেতৃত্তে এ এসআই নাজমুলসহ পুলিশের একটি টিম অভিযান চালায়।

অভিযান চলাকালীন সময় তাকে মটরবাইকে করে নাজিরাকোনা রোড় থেকে আসতে দেখা যায়। পরে সে কেদারগন্জ বাজার তার দোকানের সামনে পৌছালে তার গাড়ি তল্লাশী করে ৭ বতল ফেনসিডিল পাওয়া যায়।

তার নামে মুজিবনগর থানায় মাদকের মামলার প্রস্তুতি চলছে।

কোটচাঁদপুরে উপজেলা প্রশাসন ও ভোক্তা অধিকারের অভিযান

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা প্রশাসন ও ঝিনাইদহ জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের যৌথ অভিযানে ফার্ম্মেসীতে মেয়াদ উত্তীর্ণ ঔষধ এবং নোংরা ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য তৈরির অপরাধে ৪১ হাজার টাকা জরিমানা আদায় করেছে।

গতকাল সোমবার দুপুরে কোটচাঁদপুর কলেজ বাসস্ট্যান্ড এলাকায় অবস্থিত ঔষুধ ফার্ম্মেসী গুলোতে এই অভিযান পরিচালনা করা হয়।

ভ্রাম্যমাণ আদালত এসময় মেয়াদ উত্তীর্ণ ঔষধ সংরক্ষণ ও বিক্রির অভিযোগে আয়ুব ফার্ম্মেসীকে ২০ হাজার, নাবিলা ফার্ম্মেসীকে ৫ হাজার এবং জলিল ফার্ম্মেসীকে ৮ হাজার টাকা জরিমানা আদায় করে।

সেই সাথে নোংরা ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্যপণ্য তৈরির অপরাধে জার্মানী হোটেলকে ৮ হাজার টাকা জরিমানা আদায় করে ভ্রাম্যমাণ আদালত।

অভিযানে উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিষ্ট্রেট